


# অসহায় শীতাত মানুষের পাশে ব্যাংক



# অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন  
বাংলাদেশ ব্যাংক

## মুখবন্ধ



আমাদের ব্যাংকগুলো খুব অল্প সময়ের মধ্যে তাদের সিএসআর পরিকল্পনা ও কর্মসূচির বাস্তবায়নে গুণগত ও পরিমাণগত পরিবর্তন আনতে অনেকাংশে সফল হয়েছে। এরই ধারাবাহিকতায় ব্যাংকগুলো গত শীত মৌসুমে দেশের অসহায় শীতর্ত মানুষের প্রতি সাহায্যের উষ্ণ হাত বাড়িয়ে দিয়েছে। নিঃসন্দেহে এই উদ্যোগটি মানবহিতৈষী এবং একটি কার্যকর সিএসআর পদক্ষেপ বলে অভিহিত করা যায়। শীতের কনকনে হাওয়ায় ব্যাংকগুলোর বিতরণকৃত শীতবস্ত্র সমাজের অনগ্রসর জনগোষ্ঠীকে একটু হলেও স্বস্তির পরশ দিতে পেরেছে বলে আমার বিশ্বাস।

দেশের ব্যাংকিং খাতের সাথে সংশ্লিষ্ট সকলের এ ধরনের মহান মানবিক কার্যক্রমে অবদান রাখার জন্য তাদের প্রতি রইল আমার আন্তরিক ধন্যবাদ। ভবিষ্যতে সামাজিক দায়বদ্ধতা সংক্রান্ত এরূপ কর্মকাণ্ডে তারা আরও আশাব্যঞ্জক ও সফল পদক্ষেপ রাখবে বলে আমার আন্তরিক বিশ্বাস। ব্যাংক কর্তৃক গৃহীত এ ধরনের কার্যক্রমগুলোর সার্বিক সমন্বয়ের জন্য ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনকে আমার বিশেষ ধন্যবাদ। CSR মূলক কার্যক্রম আরও জোরদার ও সময়োপযোগী করার জন্য ব্যাংকগুলোর প্রতি রইল আমার উদাত্ত আহ্বান ও শুভ কামনা।

ড. আতিউর রহমান

## ভূমিকা

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায়  
দারিদ্র্যপীড়িত শীতর্ত মানুষের কল্যাণে দেশের  
ব্যাংকগুলোর গৃহীত কল্যাণকর ভূমিকা

বাংলাদেশে কার্যরত ৪৭টি ব্যাংক সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন সময়ে এদেশের দরিদ্র জনগোষ্ঠীর পাশে দাঁড়িয়েছে। বিগত শীত মৌসুমেও ৩১টি ব্যাংক বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল যেমন সিলেট, রংপুর, দিনাজপুর, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও, পঞ্চগড়, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, লালমনিরহাট, পাবনা, যশোর, চুয়াডাঙ্গা, নাটোর, জামালপুর, চাঁদপুর, হবিগঞ্জ, পটুয়াখালী, দাগনভূঞা, ফেনী, নোয়াখালীসহ বিভিন্ন চর এলাকায় মোট ৭.৫০ কোটি টাকার ২,৮৭,৯৫৩ পিস কম্বল, সোয়েটার ও অন্যান্য পরিধেয় শীতবস্ত্র বিতরণ করে। ব্যাংকগুলোর এ ধরনের কর্মসূচি শীতর্ত মানুষকে প্রবল শীতের প্রকোপ থেকে রক্ষার পাশাপাশি তাদের প্রাত্যহিক জীবিকা অর্জনেও সাহায্য করেছে। দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য ব্যাংকগুলোর এ ধরনের উদ্যোগ বিশেষ উৎসাহব্যাঞ্জক।

## শীত মৌসুমে গৃহীত ব্যাংকওয়ারী কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণ

### এক্সিম ব্যাংক লিমিটেড

কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ঐকান্তিক ইচ্ছা থেকে এক্সিম ব্যাংক লিমিটেড দেশের বিভিন্ন অঞ্চলে তথা ঢাকা, নারায়ণগঞ্জ, সাভার, মুন্সিগঞ্জ, বগুড়া, রংপুর, নাটোর, চাঁদপুর, ফেনী, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, রামগতি, লক্ষীপুর, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, বরিশাল, মাদারিপুর, রাউজান ও মেহেদীবাগ (চট্টগ্রাম) অঞ্চলের দরিদ্র ও শীতাত্তরিত মানুষের সাহায্যার্থে এগিয়ে এসেছে। তীব্র শৈত্য প্রবাহের প্রাক্কালে প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র ও শীতাত্তরিত মানুষের দুর্দশা লাঘবে তাদের এ মানবিক প্রচেষ্টা প্রশংসনীয়।



এক্সিম ব্যাংক লিঃ চলতি শীত মৌসুমে ২৩৭.৯০ লক্ষ টাকা মূল্যমানের  
৬১,০০০ পিস কম্বল বিতরণ করে

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

## ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেড

প্রচণ্ড শীতের কবলে বিপর্যস্ত অজস্র হতদরিদ্র মানুষের কথা বিবেচনা করে ডাচ্ বাংলা ব্যাংক লিঃ সারা দেশের প্রত্যন্ত এলাকায় বিতরণের জন্য খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়কে ৩০,০০০ হাজার কম্বল প্রদান করেছে। সিলেট, রংপুর, দিনাজপুর, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও, পঞ্চগড়, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, লালমনিরহাট, পাবনা, যশোর, চুয়াডাঙ্গা, জামালপুর, নেত্রকোনা, ভোলা জেলার ছিন্নমূল ও দরিদ্র মানুষের শীত নিবারণের জন্য এ সমস্ত কম্বল বিতরণ করা হয়েছে।



খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়কে ১০৫ লক্ষ টাকা মূল্যমানের  
৩০,০০০ হাজার কম্বল প্রদান করে ডিবিবিএল

দেশের বৃহত্তর দরিদ্র জনগোষ্ঠীর দুঃখ-দুর্দশা লাঘবে ব্যাংকটির এ মহতী উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয়। তাদের এ মানবতাবাদী পদক্ষেপ ছিল দেশের দরিদ্র জনগণের জন্য এক কার্যকরী সহায়তা।

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

## প্রিমিয়ার ব্যাংক লিমিটেড

তীব্র শৈত্য প্রবাহে জনসাধারণের দৈনন্দিন কার্যক্রম যখন স্থবির হওয়ার উপক্রম এবং বিভিন্ন শীতর্ত এলাকায় বেশ কিছু বয়োবৃদ্ধের যখন শীতের প্রকোপে প্রাণহানি ঘটছে, ঠিক তখনই



প্রিমিয়ার ব্যাংক লিঃ বিভিন্ন এলাকায় ৯১.০০ লক্ষ টাকার ৩৭,০০০ হাজার সোয়েটার বিতরণ করে

‘সুবিধাবঞ্চিত শীতর্ত মানুষ ও সামাজিক দায়বদ্ধতা’ কর্মসূচির আওতায় প্রিমিয়ার ব্যাংক লিমিটেড ঢাকা সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ড এবং ঝালকাঠি জেলার বিভিন্ন এলাকার শীতর্ত মানুষের প্রতি মানবিক সাহায্যের হাত প্রসারিত করে সামাজিক দায়বদ্ধতার অঙ্গীকার পূরণে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে যা প্রশংসনীয়।

## ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে আইবিবিএল ঢাকা, রাজশাহী, বগুড়া, দিনাজপুর, কুড়িগ্রাম, সান্তাহার, রংপুর জেলার প্রত্যন্ত অঞ্চলে ৩৫.০১ লক্ষ টাকার ১৮,০০০ পিস কম্বল ও চাদর

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

এবং পাটগ্রাম এলাকায় ২.৫০ লক্ষ টাকার ৫০০ পিস কম্বল শীতর্ত মানুষের মাঝে বিতরণ করে শীতে আক্রান্তদের মাঝে উষ্ণ সহযোগিতার হাত সম্প্রসারণ করেছে।



আইবিবিএল এর পক্ষ হতে রেড ক্রিসেন্ট সোসাইটিকে ১১.০৪ লক্ষ টাকার ৪,৬২০ কম্বল প্রদান করা হয়

এছাড়াও দরিদ্র শীতর্ত মানুষের মাঝে বিতরণ করার জন্য ব্যাংকটি রেড ক্রিসেন্ট সোসাইটিকে কম্বল এবং এফবিসিসিআইকে ৫ লক্ষ টাকার ২,০০০ কম্বল প্রদান করেছে। ইসলামী ব্যাংকের এ উদ্যোগ দেশের প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র জনগণের মাঝে সহর্মিতা ছড়িয়ে দেয়ার এক মহতী প্রচেষ্টা।

### মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড

সারা দেশে তীব্র শীতে স্বাভাবিক জীবনযাত্রা বিপর্যস্ত হয়ে পড়ায় বিশেষ করে দিনমজুর, ছিন্নমূল, শ্রমিকশ্রেণীর মানুষের দুর্ভোগ প্রকট আকার ধারণ করে। এ পরিস্থিতির উন্নয়নে কম্বল বিতরণ



অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

কর্মসূচির আওতায় সাহায্য নিয়ে এগিয়ে এসেছে মার্কেটাইল ব্যাংক লিমিটেড। রাজশাহী, নওগাঁ, সিলেট, রংপুর, মৌলভীবাজার, কুমিল্লা, দিনাজপুর, যশোহর, চাঁদপুর, হবিগঞ্জ, পটুয়াখালী, চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, দাগনভূঞা, ফেনী, নোয়াখালী, ঠাকুরগাঁও, পঞ্চগড়, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, লালমনিরহাট, মুন্সিগঞ্জ, পাবনা, বরিশাল, খুলনা, ভোজেশ্বর, কেরানীগঞ্জ, সোনারগাঁও ও ঢাকা অঞ্চলের শীতর্ত মানুষের মাঝে ব্যাংকটি কমল বিতরণ করে অসহায় জনগোষ্ঠীর পাশে দাঁড়ানোর এক অনন্য স্বাক্ষর রাখতে সক্ষম হয়েছে।



মার্কেটাইল ব্যাংক লিঃ দেশের প্রত্যন্ত এলাকায় ৩০.৯৮ লক্ষ টাকার ১৯,৯৫০ পিস কমল বিতরণ করে

### ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

হাড় কাঁপানো কনকনে হাওয়া আর কুয়াশার ঘেরাটোপ থেকে রেহাই দিতে ইউসিবিএল এর বিতরণকৃত শীতবস্ত্র ঢাকা, চট্টগ্রাম, নোয়াখালী এবং দেশের উত্তর ও দক্ষিণাঞ্চলের শীতর্ত মানুষের

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

কাছে আশীর্বাদরূপে দেখা দিয়েছে। অসহায় শীতর্ত মানুষের মাঝে ইউসিবিএল এর এই কার্যক্রম অবশ্যই সাধুবাদ প্রাপ্য।



ইউসিবিএল দেশের বিভিন্ন অঞ্চলে ২৪.০০ লক্ষ টাকা মূল্যমানের ২০,০০০ পিস কম্বল বিতরণ করে

### শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড

দেশের রাজশাহী, নওগাঁ, সিলেট, রংপুর, মৌলভীবাজার, দিনাজপুর, বগুড়া, কালীগঞ্জ, টাঙ্গাইল, চাঁদপুর, যশোহর, পটুয়াখালী, মুন্সিগঞ্জ, ঢাকা ও চট্টগ্রাম জেলার প্রত্যন্ত অঞ্চলে শীতর্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করে নিশ্চিত বিপর্যস্ততা ও প্রাণহানির আশঙ্কা থেকে রক্ষায় এগিয়ে এসেছে শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড। তাদের বিতরণকৃত শীতবস্ত্রে শিশু, বৃদ্ধ ও ছিন্নমূল মানুষের কষ্ট কিছুটা হলেও লাঘব হয়েছে, তারা ফিরে পেয়েছে তাদের স্বাভাবিক জীবন যাত্রা।

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক



শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ প্রায় ১৪.৫০ লক্ষ টাকা মূল্যের ৫,৮০০ পিস কম্বল বিতরণ করে

### সাউথইস্ট ব্যাংক লিমিটেড

অব্যাহত শীতের দাপট হতে দেশের শীতর্ত মানুষকে রক্ষার জন্য উষ্ণ মানবিকতার হাত বাড়িয়ে দিয়েছে সাউথ ইস্ট ব্যাংক লিমিটেড। লালমনিরহাট ও হাতিবান্ধা অঞ্চলে ৮.০৬ লক্ষ টাকার ৩,১০০ এবং পাবনা ও কাশিনাথপুর অঞ্চলে ৪.৯৪ লক্ষ টাকার ১,৯০০ কম্বল বিতরণ করেছে যা নিঃসন্দেহে ঐসব প্রখর শীত কবলিত মানুষের কাছে অনেকটা স্বস্তিকর হয়ে দেখা দিয়েছে।

### ন্যাশনাল ব্যাংক লিমিটেড

সারা দেশজুড়ে হিমেল শৈত্য প্রবাহ আর হাড় কাঁপানো শীতে জীবন যখন দুর্বিষহ, ন্যাশনাল ব্যাংক লিমিটেড তখন ছুটে গেছে দেশের প্রত্যন্ত অঞ্চলে অসহায়, হতদরিদ্র ও শীতর্ত মানুষের পাশে তাদের সুপরিকল্পিত সাহায্য নিয়ে। মুন্সিগঞ্জ জেলার টঙ্গীবাড়ি ও লৌহজং উপজেলা এবং রংপুর জেলার মনোহর গ্রামের এমনই শীতর্ত মানুষের মাঝে ব্যাংকটি কম্বল বিতরণ করে।

অসহায় শীতাত মানুষের পাশে ব্যাংক



বিভিন্ন এলাকার শীতাতদের মাঝে ন্যাশনাল ব্যাংক লিঃ ১০.০০ লক্ষ টাকার ২,৫০০টি ও ০.২৫ লক্ষ টাকার ১০০ কমল বিতরণ করে

### বেসিক ব্যাংক লিমিটেড

শীতবস্ত্রের অভাব দরিদ্র মানুষের দুর্দশা কয়েকগুণ বৃদ্ধি করে, সাথে রোগাক্রান্ত করে ফেলে বৃদ্ধ মানুষদের। পুরনো ছেঁড়া কাঁথা দিয়ে তারা শীত নিবারণের চেষ্টা করলেও শীতের প্রকোপ এবং ঠাণ্ডাজনিত বিভিন্ন সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হয়ে অনেকে মৃত্যু বরণও করে। বেসিক ব্যাংক লিমিটেড এর উদ্যোগে রংপুর জেলার এমনই কিছু শীতাত মানুষের মাঝে ০.১১ লক্ষ টাকার ৬০ পিস কমল বিতরণ করা হয়েছে যার দ্বারা কিছুটা হলেও তারা শীতের কবল থেকে নিজেদের রক্ষা করতে পেরেছে।

### ইস্টার্ন ব্যাংক লিমিটেড

এ দেশের উত্তরাঞ্চলে আবহাওয়াগত কারণে শীতের প্রকোপ বেশি ফলে এ অঞ্চলের দুস্থ মানুষজনের কিঞ্চিৎ জীর্ণ শীতবস্ত্র দিয়ে

অসহায় শীতাত্ত মানুষের পাশে ব্যাংক

শীত নিবারণ যথেষ্ট হয়ে উঠে না। এ বছর দুর্দশাগ্ৰস্ত উত্তরাঞ্চলবাসীর দুরবস্থা কিছুটা হলেও উপশম করেছে ইস্টার্ন ব্যাংক লিমিটেড এর শীতবস্ত্র বিতরণ কার্যক্রম। এ কর্মসূচি চিরায়ত শীতের কবল থেকে রক্ষা করেছে এসব এলাকার শীতাত্ত অধিবাসীদের।



লালমনিরহাট জেলা, নীলফামারী জেলা এবং দিনাজপুর জেলার বিভিন্ন অঞ্চলে ইবিএল ৯.৫০ লক্ষ টাকার প্রায় ৫,০০০ কম্বল বিতরণ করে

### ব্র্যাক ব্যাংক লিমিটেড

‘দৌড়’ নামক এক ব্যতিক্রমধর্মী কর্মসূচির মাধ্যমে ব্র্যাক ব্যাংক লিমিটেড দেশের উত্তরাঞ্চলের শীত কবলিত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে যা কুয়াশার ঘেরাটোপ থেকে তাদেরকে উষ্ণতার আবরণ দিয়েছে। তাদের এই ব্যতিক্রমধর্মী কর্মসূচি শীতে জর্জরিত মানুষের নজর বিশেষভাবে কেড়েছে।

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক



উত্তরাঞ্চলের শীত কবলিত মানুষের মাঝে প্রায় ৯.০০ লক্ষ টাকার ৩,৬০০ পিস কম্বল বিতরণ করে ব্র্যাক ব্যাংক লিঃ

### আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) এর আওতায় দেশের উত্তরাঞ্চলের দরিদ্র মানুষকে তীব্র শীতের প্রকোপ হতে কিছুটা



আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক দেশের প্রত্যন্ত অঞ্চলে ৩,০০০ পিস কম্বল বিতরণ করেছে যার মূল্য প্রায় ৮.৪০ লক্ষ টাকা

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

হলেও স্বস্তি দেয়ার জন্য ব্যাংকটি দিনাজপুর, সৈয়দপুর, পঞ্চগড়, নীলফামারী ও রংপুর জেলার বদরগঞ্জ এলাকায় কম্বল বিতরণ করেছে। উক্ত অঞ্চলের শীতর্ত মানুষেরা বিতরণকৃত শীতবস্ত্রে যেন কাঙ্ক্ষিত স্বস্তি ফিরে পেল।

### উত্তরা ব্যাংক লিমিটেড

'দরিদ্র শীতর্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ কার্যক্রম-২০১১' এর মাধ্যমে রাজশাহী সদর, পুঠিয়া, লালপুর (রাজশাহী), গুরুদাসপুর, বনপাড়া, হাটিকুমডুল, নাটোর সদর (নাটোর), সারিয়াকান্দি (বগুড়া) ও গাইবান্ধা অঞ্চলে কম্বল ও উলেন চাদর বিতরণ করেছে এই ব্যাংক। এ ধরনের কার্যক্রম দরিদ্র জনগণের মনে একটু হলেও আশার আলো প্রজ্জ্বলিত করে, তীব্রতা কমায় তাদের দুর্ভোগের। উত্তরা ব্যাংক লিঃ তাদের সামাজিক দায়বদ্ধতার যে পরিচয় উল্লিখিত কার্যক্রমের মাধ্যমে দিয়েছে তা উল্লেখযোগ্য।



'দরিদ্র শীতর্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ কার্যক্রম-২০১১' এর মাধ্যমে উত্তরা ব্যাংক ১৫.৯৯৭ লক্ষ টাকার ৬,০০০ কম্বল ও ২,০০০ উলেন চাদর বিতরণ করে

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

### দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড

দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড চলতি শীত মৌসুমে শীতবস্ত্র বিতরণ কর্মসূচির আওতায় রংপুর জেলায় ০.২৬ লক্ষ টাকার ১০০ কম্বল ও শেরপুর জেলায় ০.২১ লক্ষ টাকার ৬৫ পিস শাল বিতরণ করেছে। এসব শীতবস্ত্র পেয়ে সর্বাধিক শীতকবলিত রংপুর জেলার মানুষ কিছুটা হলেও উষ্ণতা ফিরে পেয়েছে। ব্যাংকটির এ কার্যক্রম প্রশংসার দাবী রাখে।

### ওয়ান ব্যাংক লিমিটেড

ওয়ান ব্যাংক লিমিটেড কর্তৃক কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার ধারাবাহিক কর্মকাণ্ডে সম্পৃক্ত থাকার অংশ হিসেবে ‘শীতর্ত মানুষের মাঝে কম্বল বিতরণ’ কর্মসূচিতে নোয়াখালী ও গোকুল (বগুড়া) অঞ্চলের শীতর্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। কম্বল বিতরণের মাধ্যমে দুস্থ মানবতার কল্যাণে সামান্য হলেও



শীতর্ত মানুষের মাঝে কম্বল বিতরণ কর্মসূচিতে ওয়ান ব্যাংক লিমিটেড ৭.৫০ লক্ষ টাকার ৩,০০০ পিস কম্বল বিতরণ করে



অসহায় শীতাত মানুষের পাশে ব্যাংক

এগিয়ে আসতে পেরেছে। ভবিষ্যতে তাদের সামাজিক কর্মকাণ্ডের দায়বদ্ধতা আরও বৃদ্ধি পাবে এটাই প্রত্যাশিত।

### এবি ব্যাংক লিমিটেড

কিশোরগঞ্জ, হবিগঞ্জ, খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম জেলার বিভিন্ন অঞ্চলের শীতাত অসহায় মানুষের মাঝে এবি ব্যাংক লিমিটেড কম্বল বিতরণ করেছে।

বিতরণকৃত শীতবস্ত্র দরিদ্র জনসাধারণের অবর্ণনীয় দুর্ভোগ চলতি শীত মৌসুমের পাশাপাশি আগামী বছরগুলোতেও লাঘব করবে বলে ব্যাংকটি আশাবাদী।



বিভিন্ন অঞ্চলের শীতাত অসহায় মানুষের মাঝে এবি ব্যাংক লিমিটেড ১৬.৩৪ লক্ষ টাকার ১২,৫০০ পিস কম্বল বিতরণ করে

### ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড

উত্তরাঞ্চলের জেলাগুলো বরাবরের মতোই শীতের তীব্রতায় আক্রান্ত ও প্রবল কুয়াশায় আবৃত থাকায় ফার্স্ট সিকিউরিটি তাদের

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

ইসলামী ব্যাংক লিমিটেড তাদের ‘শীতর্ত অসহায় মানুষের জন্য কমল বিতরণ কার্যক্রম’ এর আওতায় প্রথমেই রাজশাহী, নওগাঁ, রংপুর, দিনাজপুর, নীলফামারী, যশোহর, সাতক্ষীরা, মকসুদপুর,



দুস্থ ও এতিম শিশুদের মুখে অনাবিল হাসি ফুটিয়েছে এফএসআইবিএল এর বিতরণকৃত শীতবস্ত্র

নয়াটোলা অঞ্চলের শীতে বিপর্যস্ত মানুষের কাছে ছুটে গিয়েছে। এছাড়াও ব্যাংকটি ঢাকা অঞ্চলের অপরাজেয় বাংলাদেশ ও দারুচ্ছালাম নামক দু’টি এতিমখানায় ৫.৭১ লক্ষ টাকা মূল্যমানের ২,৩৮০টি কমল বিতরণ করে যা দুস্থ ও এতিম শিশুদের মুখে ফুটিয়েছে অনাবিল হাসি। আর্ত শিশুদের মাঝে এ ধরনের সাহায্য ব্যাংকটির CSR সংক্রান্ত কার্যক্রমে একটি ভিন্ন মাত্রা যোগ করেছে।

### যমুনা ব্যাংক লিমিটেড

প্রবল শীতে পর্যাপ্ত শীতবস্ত্রের অভাবে দেশের দরিদ্র মানুষ যখন অসহায় মানবেতর জীবনযাপন করছে, জীর্ণ শীতবস্ত্র দিয়ে উষ্ণতা

অসহায় শীতাত মানুষের পাশে ব্যাংক

লাভের চেষ্টা করছে ঠিক তখনই যমুনা ব্যাংক লিমিটেড এর পক্ষ হতে মানবিক সাহায্যের হাত প্রসারিত করা হয় এসব অসহায় মানুষের প্রতি। পৌঁছে দেয়া হয় শীতবস্ত্র ঠাকুরগাঁও, রংপুর, মহাদেবপুর, দিনাজপুর, সিরাজগঞ্জ, লাকসাম-কুমিল্লা, রূপগঞ্জ-নারায়ণগঞ্জ ও মুন্সিগঞ্জ জেলার প্রত্যন্ত এলাকার আবাল-বৃদ্ধ-বণিতার কাছে। বিতরণকৃত শীতবস্ত্র পেয়ে সবাই যেন নতুন করে উজ্জীবিত হয়ে উঠে। যমুনা ব্যাংকের এ কার্যক্রম অবশ্যই প্রশংসনীয়।



যমুনা ব্যাংকের উদ্যোগে ৫৬.১১ লক্ষ টাকার ২৫,০৫০ পিস শীতবস্ত্র বিতরণ করা হয়

### ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড

‘কম্বল কোনা দিয়া খুব উপকার করলেন বাহে’- ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিঃ এর চলতি শীত মৌসুমে দেশের উত্তরাঞ্চলের রংপুর, সৈয়দপুর, নীলফামারী, পাটগ্রাম, লালমনিরহাট ও বগুড়া জেলার প্রত্যন্ত অঞ্চলে বিতরণকৃত কম্বল পেয়ে ঠিক এভাবেই প্রতিক্রিয়া ব্যক্ত করেন শত শত দুর্দশাগ্রস্ত

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

মানুষ । ব্যাংকটি শীতর্ত মানুষের মাঝে প্রায় ১.২৬ লক্ষ টাকার ১,০০০ পিস কম্বল বিতরণ করে চরম দুর্দশার সময় এ অঞ্চলের মানুষের প্রশংসা কুড়িয়েছে ।

### মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড

মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড পঞ্চগড়, জয়পুরহাট, রংপুর ও যশোহর এর প্রত্যন্ত এলাকার তীব্র শীতে মানবতের জীবনযাপনকারী দরিদ্র, অসহায় মানুষের মাঝে বিভিন্ন প্রকার শীতবস্ত্র, যেমন- কম্বল, শাল, সোয়েটার, শাড়ি, লুঙ্গি বিতরণের মাধ্যমে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে যথারীতি শীতে বিধ্বস্ত উত্তরবঙ্গের মানুষের প্রতি ।



উত্তরাঞ্চলের শীতর্ত মানুষের মাঝে এমটিবিএল ৫.০০ লক্ষ টাকার ১,৫০০ পিস বিভিন্ন প্রকার শীতবস্ত্র বিতরণ করে

### স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড চলতি শীত মৌসুমে দরিদ্র মানুষের কল্যাণে এক ব্যতিক্রমধর্মী উদ্যোগ গ্রহণ করে । সাধারণ অসহায়

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

শীতর্ত মানুষের পাশাপাশি ব্যাংকটি দিনাজপুর জেলার শীত কবলিত এলাকার বীর মুক্তিযোদ্ধা এবং এতিম ছাত্রদের মাঝে কম্বল বিতরণ করে। এছাড়াও ব্যাংকটি ঢাকা জেলার একটি অনাথ আশ্রমে ০.৯২ লক্ষ টাকার ৪০০ কম্বল বিতরণ করেছে যা প্রশংসনীয় একটি পদক্ষেপ। শীত কবলিত মানুষদের মধ্যে মুক্তিযোদ্ধা, এতিম ও অনাথ আশ্রমে শীতবস্ত্র বিতরণ নিঃসন্দেহে একটি ভিন্ন মাত্রা যোগ করেছে।



দিনাজপুরে ৪.৩৮ লক্ষ টাকার ১,৯০০ কম্বল বিতরণ করে স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

### আইএফআইসি ব্যাংক লিমিটেড

আইএফআইসি ব্যাংক লিমিটেড এর উদ্যোগে তীব্র শৈত্যপ্রবাহে বিপর্যস্ত দেশের উত্তরাঞ্চলের দিনাজপুর, রংপুর ও বগুড়া অঞ্চলের দুস্থ শীতর্ত মানুষের মধ্যে কম্বল বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়। শীতর্ত মানুষের মাঝে ব্যাংকটির এ সাহায্য তীব্র শীতের সাথে মোকাবেলার শক্তি যুগিয়েছে। শীতে বিপন্ন মানুষ যেন ফিরে পেয়েছে বেঁচে থাকার নতুন শক্তি।

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক



আইএফআইসি এর উদ্যোগে ০.৭৪ লক্ষ টাকার ৫০০ কম্বল বিতরণ করা হয়

### প্রাইম ব্যাংক লিমিটেড

মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে প্রাইম ব্যাংক লিমিটেড দেশের প্রত্যন্ত এলাকার শীত কবলিত জনসাধারণের পাশে এসে দাঁড়িয়েছে



‘শীতর্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ কর্মসূচি’ এর আওতায় প্রায় ১৮.৬২ লক্ষ টাকা মূল্যমানের প্রায় ৬,৪০০ পিস কম্বল বিতরণ করে প্রাইম ব্যাংক লিমিটেড

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

তাদের ‘শীতর্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ কর্মসূচি’ এর মাধ্যমে।

এ কর্মসূচিতে অন্তর্ভুক্ত ছিল ডিমলা, ডোমার, নীলফামারী এবং বোদা উপজেলা এবং পঞ্চগড় জেলার বিভিন্ন অঞ্চলের দরিদ্র শীতর্ত মানুষ। প্রচণ্ড শীতে মানবেতর জীবনযাপনকারী এসব এলাকার মানুষ ব্যাংকটির বিতরণকৃত শীতবস্ত্র পেয়ে বিশেষভাবে উপকৃত হয়।

### ব্যাংক এশিয়া লিমিটেড

ব্যাংক এশিয়া লিমিটেড সামাজিক কার্যক্রমের সবচেয়ে উৎকৃষ্ট ক্ষেত্র হিসেবে দেশের ছিন্নমূল দুস্থ মানবতার সেবায় এগিয়ে এসেছে। তারই ফলশ্রুতিতে ব্যাংকটি ‘শীতর্ত মানুষের জন্য সহায়তা’ কর্মসূচির মাধ্যমে দেশের রাজশাহী, বগুড়া ও যশোর জেলার বিভিন্ন এলাকায় দুস্থ মানুষের মাঝে কম্বল প্রদান করেছে। ব্যাংকের কার্যক্রম যে শুধুমাত্র আর্থিক লেনদেনের মধ্যেই সীমাবদ্ধ থাকে না তার এক উৎকৃষ্ট স্বাক্ষর ব্যাংক এশিয়ার উল্লিখিত কার্যক্রম।



ব্যাংক এশিয়ার উদ্যোগে ২.৮২ লক্ষ টাকার ১,৮৮০টি কম্বল বিতরণ করা হয়

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

### জনতা ব্যাংক লিমিটেড

দিনাজপুর জেলার প্রতিবন্ধী, এতিম ও দরিদ্র শীতর্ত মানুষের জন্যে মানবিক সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে জনতা ব্যাংক লিমিটেডও। ব্যাংকটির উদ্যোগে কম্বল বিতরণ করা হয় যা স্বল্প পরিসরে হলেও উত্তরাঞ্চলের দরিদ্র জনগণ বিশেষ করে প্রতিবন্ধীদের জীবনে এনেছে উষ্ণতার পরশ। এতিম ও প্রতিবন্ধীদের মাঝে শীতবস্ত্র বিতরণ একটি ব্যতিক্রমধর্মী ও অনন্য উদাহরণ।



২৫ হাজার টাকার ১২৫ পিস কম্বল জনতা ব্যাংকের উদ্যোগে  
বিতরণ করা হয়

### আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড

দিনাজপুর জেলার ফেলানী ফাউন্ডেশনের মাধ্যমে আইসিবি ইসলামিক ব্যাংক উক্ত জেলার শীতর্ত মানুষের মাঝে কম্বল বিতরণ কর্মসূচি পালন করে। ব্যাংকটির এই কর্মসূচির আওতায় ০.৫০ লক্ষ টাকা মূল্যমানের ২০০ পিস কম্বল বিতরণ করা হয়।



অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

### কমার্শিয়াল ব্যাংক অব সিলন লিমিটেড

প্রচণ্ড শীতের প্রকোপে যখন বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষ মানবেতর জীবনযাপন করছে, তখনই কমার্শিয়াল ব্যাংক অব সিলন ঢাকা জেলার বিভিন্ন অঞ্চলে ১.৫০ লক্ষ টাকার ৫০০ কম্বল বিতরণের মাধ্যমে দেশের শীতর্ত মানুষের পাশে দাঁড়িয়ে তাদের মানবিক কর্মকাণ্ডের পরিচয় দিয়েছে।

### ব্যাংক আল-ফালাহ

বিভিন্ন দেশী ব্যাংকের পাশাপাশি বিদেশী ব্যাংকগুলোও মানবিক ব্যাংকিং এর প্রতিযোগিতায় পিছিয়ে নেই। এরই ধারাবাহিকতায় ব্যাংক আল-ফালাহ তাদের 'সেভ এ লাইফ কর্মসূচি'র তিনটি পর্বের মাধ্যমে ঢাকা, গাজীপুর ও ময়মনসিংহ জেলার শীতর্ত মানুষের মাঝে কম্বল, সোয়েটার, শিশুবস্ত্র ও অন্যান্য সামগ্রী



ব্যাংক আল-ফালাহ ১.০৫২ লক্ষ টাকার ১,৮০০ পিস কম্বল, সোয়েটার, শিশুবস্ত্র ও অন্যান্য সামগ্রী বিতরণ করেছে

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

বিতরণ করেছে। এদেশের অগণিত শীতর্ত মানুষের দুর্দশার কথা স্মরণ করে ব্যাংকটির এ পদক্ষেপ প্রশংসার দাবি রাখে। ভবিষ্যতেও তাদের এই প্রচেষ্টা অক্ষুণ্ণ রাখা প্রত্যাশিত।

### স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক

স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক দেশের উত্তরাঞ্চলের তীব্র শীত কবলিত জয়পুরহাট জেলার বিভিন্ন অঞ্চলে ১.২০ লক্ষ টাকার ৫০০ কম্বল বিতরণ করেছে। বিদেশী ব্যাংক হওয়া সত্ত্বেও এ ধরনের মানবদরদী ও গরীব হিতৈষী কার্যক্রম দেশের দরিদ্র জনগণের জন্য একটি স্বস্তিদায়ক উদ্যোগ। এ দেশের দুস্থ মানুষের প্রতি তাদের সহমর্মিতা একটি দৃষ্টান্ত স্থাপন করেছে।

### দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড

দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড তাদের CSR কার্যক্রমের আওতায় দেশের ঢাকা, চট্টগ্রাম ও চুয়াডাঙ্গার বিভিন্ন



CSR কার্যক্রমের আওতায় এইচএসবিসি ৪.০০ লক্ষ টাকা মূল্যমানের ১,৭০০ কম্বল ও অন্যান্য শীতবস্ত্র বিতরণ করে

অসহায় শীতর্ত মানুষের পাশে ব্যাংক

এলাকায় প্রায় ৪.০০ লক্ষ টাকা মূল্যমানের কম্বল ও অন্যান্য শীতবস্ত্র বিতরণ করার পদক্ষেপ গ্রহণ করে। ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ এ কার্যক্রমে সরাসরি অসহায় ছিন্নমূল মানুষের কাছে ছুটে যান, পরম মমতায় জড়িয়ে দেন তাদের গায়ে শীতবস্ত্র।

### উপসংহার

ঘূর্ণিঝড়, বন্যা, খরাসহ হঠাৎ প্রচণ্ড শীতের প্রকোপ এবং বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয় এদেশের দরিদ্র মানুষের জীবনে নিয়ে আসে দুঃখ ও দুর্ভোগ। বাংলাদেশের তফসিলি ব্যাংকগুলো ব্যাংকিং সেবার পাশাপাশি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে এবার শীতর্ত মানুষদের শীতবস্ত্র প্রদানের মাধ্যমে সহমর্মিতার একটি প্রশংসনীয় নজির স্থাপন করেছে। ভবিষ্যতে এসব মানবিক কর্মকাণ্ড অন্যান্য সব ব্যাংককে উৎসাহিত ও উদ্বুদ্ধ করবে এ আশাবাদ সকলের।